প্রথম আলো

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ইমেরিটাস অধ্যাপকদের সম্মাননা দেবে অ্যালামনাই অ্যাসোসিয়েশন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকীতে অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ইমেরিটাস অধ্যাপকদের সম্মাননা দেওয়া হবে। মরণোত্তর সম্মাননা দেওয়া হবে অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি বিচারপতি মোহাম্মদ ইব্রাহিমকে।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। ১৯৪৮ সালের ২৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের এই সংগঠনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়।

দিবসটি উপলক্ষে আগামী ১ অক্টোবর বেলা সাড়ে তিনটায় সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সম্মাননা পাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ইমেরিটাস অধ্যাপক সুলতানা সারোয়াত আরা জামান, দর্শন বিভাগের আবদুল মতীন, ইংরেজি বিভাগের সিরাজুল ইসলাম চৌধুরী, বাংলা বিভাগের আনিসুজ্জামান, উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের নাজমা চৌধুরী, ক্লিনিক্যাল ফার্মেসি ও ফার্মাকোলজি বিভাগের এ কে আজাদ চৌধুরী।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ। তিনি বলেন, ইমেরিটাস অধ্যাপকেরা দেশ ও জাতির প্রয়োজনে এবং সংকটের সময় অগ্রণী ভূমিকা রেখেছেন, পথ দেখিয়েছেন, সাহস জুগিয়েছেন। অসংখ্য ছাত্রছাত্রীর মধ্যে তাঁরা নিজেদের উজাড় করে দিয়েছেন। তাঁদের আদর্শে উজ্জীবিত ও মহিমান্বিত হয়েছেন এই সমাজের অনেকেই। তাঁরা প্রত্যেকেই এক একজন সফল মানুষের প্রতিকৃতি। তাঁদের বর্ণাঢ্য শিক্ষা ও কর্মজীবন এই প্রজন্মের শিক্ষার্থীদের অনুপ্রাণিত ও উদ্দীপিত করে।

সংবাদ সম্মেলনে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, সহসভাপতি মুনিরা খান, যুগ্ম মহাসচিব আশরাফুল হক, আমিনুর রহমান, কোষাধ্যক্ষ দেওয়ান রাশিদুল হাসান প্রমুখ উপস্থিত ছিলেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে